গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া।

এবং

আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, খুলনা এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ - ৩০ জুন, ২০২৪

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ১-২ |
| প্রস্তাবনা | ৩ |
| সেকশন ১: সাধারণ কার্যাবলি | ৪ |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | ৫-৬ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ৮ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ৯ |

# কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

**(ক) সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ছাত্রীদের কলেজমুখী করা এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০২০ সালের শেষের দিকে ২০ জন ছাত্রীকে একজন শিক্ষককে দায়িত্ব প্রদান করা হয় সংশ্লিষ্ট শিক্ষক তার অধীন ২০ জন ছাত্রী ও তাদের অভিভাবকের সাথে নিয়মিত যোগাযোগ স্থাপন করেন এতে শিক্ষক, ছাত্রী ও তার অভিভাবকদের মধ্যে বিশেষ যোগাযোগ স্থাপিত হয়। ফলে ২০২১-২০২২ সালে মেয়েদের কলেজে আসার প্রবণতা অনেকটা বেড়েছে। এতে বিগত আট বছরে কলেজটির সর্বাত্মক উন্নতি হয়েছে। নতুন কয়েকটি বিষয়ের পাশাপাশি মাস্টার্স কোর্সও চালু হয়েছে। কলেজে বর্তমানে উচ্চ মাধ্যমিকে ০৩ টি শাখা, ০৭ টি বিষয়ে অনার্স ও ০৩ টি বিষয়ে মাস্টার্স কোর্স চালু আছে। ছাত্রী সংখ্যাও বৃদ্ধি পেয়েছে যথেষ্ঠ। ২০০৮ সালে যেখানে সব মিলিয়ে ছাত্রী সংখ্যা ছিল ২১৫০ সেখানে চলতি বছরে ছাত্রী সংখ্যা ৫২৩৪ । এই বৃদ্ধির আরেকটি কারন মাননীয় প্রধান মন্ত্রীর বিশেষ কার্যক্রম ছাত্রী বৃত্তি প্রদান, যার আওতায় বিগত ১০ বছরে সহস্রাধিক ছাত্রী উপকৃত হয়েছে। এ সময়ের মধ্যে বিজ্ঞানভবন ২ তলা থেকে ৪ তলা পর্যন্ত উর্ধ্বমুখি সম্প্রসারণ করা হয়েছে, ছাত্রী হোস্টেলের আসন বৃদ্ধি করা গেছে। ২০১৩ সালে সরকারি অনুদানে নির্মিত হয় ব্যবসায় শিক্ষা ভবন। ২০১৬ সালে জাতীয় বিশ্ববিদ্যালয় ঘোষিত র‍্যাংকিং এ খুলনা বিভাগীয় অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে ৭ম স্থান অধিকার করার গৌরব অর্জন করেছে। অত্র কলেজে বিভিন্ন বিভাগে নিয়মিতভাবে সেমিনার-সিম্পোজিয়াম আয়োজন করে থাকে যেখানে বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থী প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত সেমিনারে কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, দেশখ্যাত শিক্ষাবিদ, গবেষক, ও অতিথি-আলোচক হিসেবে যোগদান করেন। কলেজ প্রতিষ্ঠার পর এই প্রথম ২০১৬ সালে বের হয়েছে কলেজ ম্যাগাজিন 'প্রয়াস' এবং ২০২১ সাল থেকে কলেজ ম্যাগাজিন 'প্রয়াস' মুজিব সংখ্যা নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। নারী শিক্ষা প্রতিষ্ঠান বিধায় ২০১৫ সাল থেকে কলেজে যথাযোগ্য মর্যাদায় রোকেয়া দিবস পালন করে আসছে। এছাড়া ঋতু ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা হয় নিয়মিতভাবে যা বাঙালির প্রকৃত ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে ছাত্রীদের সজ্ঞান করে। সচেতনতা সৃষ্টির লক্ষে সরকার ঘোষিত কর্মসূচীর সাথে সমন্বয় করে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়। দেশপ্রেমে উদ্বুদ্ধ কলেজের ছাত্রী-শিক্ষক-কর্মচারী কিনেছে মুক্তিযুদ্ধ যাদুঘরের প্রতীকী ইট। ২০২১ সালে নির্মিত হয়েছে শেখ রাসেল চত্বর এবং মুজিব উদ্যান, ২০২২ সালে আন্তর্জাতিক মাতৃভাষার প্রতি সম্মান রেখে তৈরি করা হয়েছে আধুনিক মানের শহিদ মিনার। খেলাধুলায় কলেজটির সুনাম বৃদ্ধি পেয়েছে বিগত কয়েক বছরে। যশোর শিক্ষাবোর্ডের অধীনে হ্যান্ডবল প্রতিযোগিতায় একাধিকবার চ্যাম্পিয়ন হয়েছে। কুষ্টিয়ায় একমাত্র শিক্ষা প্রতিষ্ঠানেই রয়েছে বঙ্গমাতা প্রমিলা ক্রিকেট গ্রাউন্ড, আছে ভলিবল দল, নারী শিক্ষার্থীদের জন্য ব্যাডমিন্টন কোর্ট, মার্শাল আর্ট, লুডু নৃত্য, কাঠি নৃত্য, জিপসি নৃত্য শেখানোর কার্যক্রম চালু করা হয়েছে । রয়েছে বিএনসিসি, রোভার স্কাউটস্, রেঞ্জার ইউনিট, ডিবেটিং ক্লাব (বাংলা ও ইংরেজি) এবং রেডক্রিসেন্ট কলেজ ইউনিট।

প্রধান অর্জনসমূহ:

১। দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিত করণ

২। কর্মসম্পাদনে গতিশীলতা আনায়ন ও সেবার মান বৃদ্ধি

৩। আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

(খ) সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

ছাত্রীদের অনেকের একাদশ/দ্বাদশ শ্রেণিতে বিয়ে হয়ে যায়। ফলে কলেজে উপস্থিতি অনিয়মিত হয়ে যায়। 'উচ্চশিক্ষার জন্য পড়া নয়, শুধু বিয়ের জন্য পড়া এ জাতীয় মানসিকতার অনেক ছাত্রী রয়েছে। দরিদ্রতা ও রক্ষণশীলতাও আরেকটি সমস্যা কলেজবিমুখী হওয়ার। পদ সৃজনের পদ্ধতিগত দীর্ঘসূত্রীতা, শিক্ষক স্বল্পতা, কোন কোন বিষয়ে শিক্ষক পদ বহু মাস ধরে শূণ্য থাকা এবং বিষয়ের বিপরিতে পদ সৃজন না হওয়া।

(গ) ভবিষ্যৎ পরিকল্পনা:

শ্রেণি কক্ষে ছাত্রীদের উচ্চ শিক্ষায় উদ্বুদ্ধ করার পাশাপাশি দেশ ও জাতির সঠিক ইতিহাস জানতে সহযোগিতা করা, অত্র প্রতিষ্ঠানকে আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সমৃদ্ধ ক্যাম্প্যাসে পরিণত করা এবং অভিভাবকদের মাঝে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রতিটি পরীক্ষার পর অভিভাবক মতবিনিময় সভার আয়োজন করা। মাউশি এবং শিক্ষা মন্ত্রণালয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখা। টিউটোরিয়াল ক্লাস, CT ক্লাস, আধুনিক যুগোপযোগী শিক্ষা দেয়া, সৃষ্টিশীল মানবিক মূল্যবোধে উদ্দীপ্ত দেশ প্রেমিক নাগরিক হিসাবে গড়ে তোলা।

**২০২৩-২০২৪ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- স্মার্ট বাংলাদেশ গঠনের লক্ষ্যে গুণগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষা লাভ ও আনন্দঘন পরিবেশে পাঠদান।
- একাদশ ও দ্বাদশ শ্রেণির ক্লাস পরিচালনায় মনিটরিং জোরদার করা।
- অনার্স ও মাস্টার্স শ্রেণির ক্লাস সমূহ নিশ্চিত করা।
- জাতীয় ও আন্তর্জাতিক দিবস সমূহ যথাযথভাবে পালন করা।
- কলেজের সার্বিক উন্নয়নের লক্ষ্যে কার্যকর মনিটরিং টীম গঠন করা।
- সার্বিক অবকাঠামোগত উন্নয়নের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকর সমন্বয়সাধন করা ।
- কার্যকর ব্যবহারিক পরীক্ষা পরিচালনা করা।
- মাল্টিমিডিয়ার ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান।
- সহশিক্ষা কার্যক্রম পরিচালনা
- প্রতিষ্ঠানের ভবন মেরামত সংস্কার ও সম্প্রসারণ

# প্রস্তাবনা (Preamble)

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া।

এবং

আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অঞ্চল, খুলনা এর মধ্যে ২০২৩ সালের জুলাই মাসের ০১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## সেকশন ১:

## কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া

### ১.১ সাধারণ কার্যাবলিঃ

ক) একাডেমিক কার্যক্রম পরিচালনা।

খ) প্রশাসনিক স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিত করা।

গ) জাতীয় ও আন্তর্জাতিক দিবস সমূহ যথাযথ মর্যাদার সাথে পালন করা।

ঘ) শিক্ষার্থীদের মানসিক বিকাশে বার্ষিক ক্রিড়া ও সহপাঠ কার্যক্রম নিশ্চিত করা।

ঙ) সার্বিক অবকাঠামোগত উন্নয়নে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকর মনিটরিং ব্যবস্থা জোরদারকরণ।

# সেকশন ২
# কর্ম সম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদনসূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধরণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | **সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ:** | | | | | | | | | | | | | | |
| ১.১ একাডেমিক কার্যক্রম পরিচালনা করা। | ২৫ | ১.১.১ একাদশ ও দ্বাদশ শ্রেণির ক্লাস নির্ধারিত সময়ের মধ্যে শেষ করা। | একাদশ ও দ্বাদশ শ্রেণির প্রত্যেক মাসে মোট ক্লাস সম্পন্ন করণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫৫০ | ১০৫৬ | ১০৬০ | ৯৮০ | ৮৯৫ | ৮১৫ | ৭৯৩ | ১০৬০ | ১০৬৫ |
| | | ১.১.২ পাঠ্যসূচি মোতাবেক সম্মান শ্রেণিতে পাঠদান। | পাঠ্যসূচি মোতাবেক সম্মান শ্রেণিতে পাঠদান সম্পন্নকরণ | সমষ্টি | সংখ্যা | ৫ | - | - | ১২০০ | ১১৫০ | ১১০০ | ১০৫০ | ১০০০ | ১২২০ | ১২৩০ |
| | | ১.১.৩ পাঠ্যসূচি মোতাবেক মাস্টার্স শ্রেণিতে পাঠদান। | ১.১.২ পাঠ্যসূচি মোতাবেক মাস্টার্স শ্রেণিতে পাঠদান সম্পন্নকরণ। | সমষ্টি | সংখ্যা | ৫ | - | - | ৮০০ | ৭৮০ | ৭৪০ | ৭০০ | ৬৫০ | ৮১০ | ৮২০ |
| | | ১.১.৪ একাদশ ও দ্বাদশ শ্রেণির ক্লাস টেস্ট গ্রহণ | একাদশ ও দ্বাদশ শ্রেণির ক্লাস টেস্ট সম্পন্নকরণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ৯ | ১২ | ১২ | ১০ | ৮ | ৬ | ৪ | ১৪ | ১৫ |
| | | ১.১.৫ একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা ও দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা গ্রহণ | একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা ও দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা নিশ্চিতকরন | সমষ্টি | সংখ্যা | ৫ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| ১.২ প্রশাসনিক স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিত করা | ২৫ | ১.২.১ বার্ষিক একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন | উচ্চ মাধ্যমিক পর্যায়ে ক্যালেন্ডার প্রণয়নকৃত | তারিখ | তারিখ | ১০ | - | ১০ জুন | ১ জানুয়ারি ২০২৪ | ১০ জানুয়ারি ২০২৪ | ১৮ জানুয়ারি ২০২৪ | ৬ ফেব্রুয়ারি ২০২৪ | ১০ ফেব্রুয়ারি ২০২৪ | ৫ জুলাই ২০২৫ | ১২ জুলাই ২০২৬ |
| | | ১.২.২ বার্ষিক একাডেমিক ক্যালেন্ডার বাস্তবায়ন | বার্ষিক একাডেমিক ক্যালেন্ডার বাস্তবায়নকৃত | শতকরা | শতকরা | ৫ | - | - | ১০০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ | ১০০ |
| | | ১.২.৩ ভিজিলেন্স টীম গঠন | ভিজিলেন্স টীম গঠনকৃত | তারিখ | তারিখ | ৫ | - | - | ১ জানুয়ারি ২০২৪ | ৫ জানুয়ারি ২০২৪ | ১০ জানুয়ারি ২০২৪ | ২ ফেব্রুয়ারি ২০২৪ | ৮ ফেব্রুয়ারি ২০২৪ | ১ জানুয়ারি ২০২৫ | ১ জানুয়ারি ২০২৬ |
| | | ১.২.৪ ভিজিলেন্স টীম দাখিলকৃত রিপোর্ট | ভিজিলেন্স টীম দাখিলকৃত রিপোর্ট পেশ | সংখ্যা | সংখ্যা | ৫ | - | - | ৬০ | ৫৫ | ৫০ | ৪০ | ৩০ | ৬৫ | ৬৬ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১.৩ জাতিয় ও আন্তর্জাতিক দিবস সমূহ যথাযথ মর্যাদার সাথে পালন করা। | ২০ | ১.৩.১ ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন করা | ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনকৃত | তারিখ | তারিখ | ৫ | ১৫ আগস্ট ২০২৩ | ১৫ আগস্ট ২০২৩ | ১৫ আগস্ট ২০২৩ | ১৫ আগস্ট ২০২৩ | ১৬ আগস্ট ২০২৩ | ১৭ আগস্ট ২০২৩ | ১৮ আগস্ট ২০২৩ | ১৫ আগস্ট ২০২৫ | ১৫ আগস্ট ২০২৬ |
| | | ১.৩.২ ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী হত্যা দিবস পালন | ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী হত্যা দিবস পালনকৃত | তারিখ | তারিখ | ২ | ১৪ ডিসেম্বর ২০২৩ | ১৪ ডিসেম্বর ২০২৩ | ১৪ ডিসেম্বর ২০২৩ | ১৪ ডিসেম্বর ২০২৩ | ১৪ ডিসেম্বর ২০২৩ | ১৪ ডিসেম্বর ২০২৩ | ১৪ ডিসেম্বর ২০২৩ | ১৪ ডিসেম্বর ২০২৫ | ১৪ ডিসেম্বর ২০২৬ |
| | | ১.৩.৩ ১৬ ডিসেম্বর বিজয় দিবস পালন | ১৬ ডিসেম্বর বিজয় দিবস পালনকৃত | তারিখ | তারিখ | ৫ | ১৬ ডিসেম্বর ২০২৩ | ১৬ ডিসেম্বর ২০২৩ | ১৬ ডিসেম্বর ২০২৩ | ১৬ ডিসেম্বর ২০২৩ | ১৭ ডিসেম্বর | ১৮ ডিসেম্বর | ১৯ ডিসেম্বর | ১৬ ডিসেম্বর ২০২৫ | ১৬ ডিসেম্বর ২০২৬ |
| | | ১.৩.৪ ২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক ভাষা দিবস পালন | ২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক ভাষা দিবস পালনকৃত | তারিখ | তারিখ | ৫ | ২১ ফেব্রুয়ারী | ২১ ফেব্রুয়ারী | ২১ ফেব্রুয়ারী ২০২৪ | ২১ ফেব্রুয়ারী ২০২৪ | ২২ ফেব্রুয়ারী ২০২৪ | ২৩ ফেব্রুয়ারি ২০২৪ | ২৪ ফেব্রুয়ারি ২০২৪ | ২১ ফেব্রুয়ারী ২০২৫ | ২১ ফেব্রুয়ারী ২০২৬ |
| | | ১৭ মার্চ বঙ্গাবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন | ১৭ মার্চ বঙ্গাবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালনকৃত | তারিখ | তারিখ | ৩ | ১৭ মার্চ | ১৭ মার্চ | ১৭ মার্চ ২০২৪ | ১৮ মার্চ ২০২৪ | ১৯ মার্চ ২০২৪ | ২০ মার্চ ২০২৪ | ২১ মার্চ ২০২৪ | ১৭ মার্চ ২০২৫ | ১৭ মার্চ ২০২৬ |
| ১.৪ শিক্ষার্থীদের মানসিক বিকাশে বার্ষিক ক্রিড়া ও সহপাঠ কার্যক্রম পরিচালনা করা। | ২০ | ১.৪.১ বার্ষিক ক্রিড়া পরিচালনা করা | বার্ষিক ক্রিড়া পরিচালনা নিশ্চিতকরণ | শতকরা | শতকরা | ৭ | ৭৫% | ৮০% | ৯৫% | ৮৬% | ৮০% | ৭৯% | ৭৫% | ৯৬% | ৯৭% |
| | | ১.৪.২ সহশিক্ষা কার্যক্রম পরিচালনা | সহশিক্ষা কার্যক্রম নিশ্চিতকরণ | শতকরা | শতকরা | ৭ | ৭৫% | ৮০% | ৯৫% | ৮৬% | ৮০% | ৭৯% | ৭৫% | ৯৬% | ৯৭% |
| | | ১.৪.৩ বার্ষিক শিক্ষা সফর | বার্ষিক শিক্ষা সফর নিশ্চিতকরণ | সমষ্টি | সংখ্যা | ৬ | - | ১ | ১ | ১ | - | - | - | ১ | ১ |
| ১.৫ সার্বিক অবকাঠামো উন্নয়নে গতিশীলতা বৃদ্ধি করা | ১০ | ১.৫.১ প্রতিষ্ঠানের ভবন মেরামত সংস্কার ও সম্প্রসারণ | মেরামত ও সংস্কারকৃত ভবন | সমষ্টি | সংখ্যা | ১০ | - | ২ | ২ | ১ | ১ | ০ | ০ | ২ | ২ |
| | | | | | | | | | | | | | | | |

আমি অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকাররের আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, খুলনা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, খুলনা  অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া

তারিখ:

আঞ্চলিক পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, খুলনা

তারিখ:

## সংযোজনী -১

শব্দ সংক্ষেপ:

মাউশি = মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

কুসমক= কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ।

# সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১ | একাডেমিক কার্যক্রম পরিচালনা। | প্রত্যেক মাসে মোট ক্লাস সম্পন্ন করণ | কলেজ প্রোসপেক্টাস |
| ২ | প্রশাসনিক স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিত করা। | অধ্যক্ষের কার্যালয় | কলেজ রেকর্ড |
| ৩ | মাল্টিমিডিয়ার ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান। | মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনাকৃত শ্রেণি কক্ষ। | অনলাইনে আপলোডকৃত তথ্য |
| ৪ | জাতীয় ও আন্তর্জাতিক দিবস সমূহ যথাযথ মর্যাদার সাথে পালন করা। | অধ্যক্ষের কার্যালয় | কলেজ রেকর্ড |
| ৫ | সহশিক্ষা কার্যক্রম পরিচালনা | সহশিক্ষা কার্যক্রম নিশ্চিতকরণ | কলেজ রেকর্ড |
| ৬ | সার্বিক অবকাঠামোগত উন্নয়নে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকর মনিটরিং ব্যবস্থা জোরদারকরণ। | মেরামত ও সংস্কারকৃত ভবন | কলেজ রেকর্ড |
| ৭ | অভ্যন্তরীণ পরীক্ষায় মানসম্মত প্রশ্নপ্রনয়ন এবং উত্তরপত্র সঠিকভাবে মূল্যায়ন করা। | একাদশ ও দ্বাদশ শ্রেণিতে প্রত্যেক বিষয়ে মাসভিত্তিক ক্লাসটেস্ট গ্রহণ | কলেজ রেকর্ড |
| ৮ | কার্যকর ব্যবহারিক পরীক্ষা পরিচালনা করা। | ব্যবহারিক পরীক্ষায় সঠিকভাবে সম্পন্নকরণ | কলেজ রেকর্ড |